EXIM
BANK
Shariah Based Islami Bank

Export Import Bank of Bangladesh Limited
Head Office

স্মারক নং : এক্সিম/প্রকা/মাসবি/২০১৭/ ২৪২১২
তারিখ : ২৩ আগস্ট ২০১৭

ডিরেক্টর
ডিরেক্টরেট অব স্টুডেন্ট'স ওয়েলফেয়ার
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা।

বিষয় : এক্সিম ব্যাংক বৃত্তি প্রকল্পের আওতায় নতুন ছাত্র-ছাত্রী অন্তর্ভুক্তি প্রসঙ্গে।

মুহ্তারাম,
আস্সালামু আলাইকুম।

এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড (এক্সিম ব্যাংক) বেসরকারি খাতে পরিচালিত একটি বাণিজ্যিক ব্যাংক হিসেবে বিগত ৩রা আগস্ট ১৯৯৯ সালে তার অগ্রযাত্রা শুরু করে। প্রতিষ্ঠালগ্ন থেকেই এ ব্যাংকটি পরিচ্ছন্ন ও নিয়মমাফিক কাজ করার প্রতিশ্রুতি নিয়ে এগিয়ে আসছে। স্বচ্ছ ও পরিচ্ছন্ন ব্যাংকিং এর ফসলস্বরূপ অতি অল্প সময়ের মধ্যে এক্সিম ব্যাংক বাংলাদেশের ব্যাংকিং জগতে একটি বিশেষ স্থানে অধিষ্ঠিত। বাংলাদেশ ব্যাংক এবং আন্তর্জাতিক পরিমন্ডলেও এক্সিম ব্যাংক একটি শক্তিশালী ব্যাংক হিসেবে প্রশংসিত ও স্বীকৃত হয়েছে। ব্যাংকিং ব্যবস্থার পাশাপাশি কর্পোরেট সামাজিক দায়িত্ব হিসেবে বিভিন্ন কল্যাণমূলক খাতে এক্সিম ব্যাংক বরাবরই তার সাহায্য ও সহযোগিতার হাত সম্প্রসারিত করে আসছে। আর্থ-সামাজিক কল্যাণমূলক কার্যক্রম পরিচালনার জন্য ইতোমধ্যে এক্সিম ব্যাংক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করা হয়েছে।

দেশের সুপ্ত প্রতিভাকে বিকশিত করার ক্ষেত্রে প্রতিশ্রুতিশীল ছাত্র-ছাত্রীদের পড়ালেখায় যেন কোন বিঘ্ন না ঘটে সে প্রেক্ষাপটেই এক্সিম ব্যাংক কিছু সংখ্যক মেধাবী অথচ আর্থিকভাবে সচ্ছল নয় এরকম ছাত্র-ছাত্রীদেরকে বিগত ২০০৬ সাল থেকে এক্সিম ব্যাংক বৃত্তি প্রকল্পের আওতায় বৃত্তি প্রদান করে আসছে। বিগত বছরের ন্যায় এবছরও ব্যাংকের পরিচালনা পর্ষদের সদয় বিবেচনায় এই বৃত্তি প্রকল্পে কিছুসংখ্যক ছাত্র-ছাত্রীকে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এরই ধারাবাহিকতায় আপনার স্বনামধন্য প্রতিষ্ঠানের আর্কিটেকচার, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং, মেক্যানিকাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং পেট্রোলিয়াম ও মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং বিভাগ এর সম্মান প্রথম/দ্বিতীয় বর্ষে অধ্যয়নরত সর্বমোট ১৪ জন (প্রতি বিভাগ হতে ২ জন) মেধাবী অথচ আর্থিকভাবে সচ্ছল নয় এরকম শিক্ষার্থীদের নাম, ছবি, টেলিফোন নম্বর, যোগাযোগের ঠিকানা ইত্যাদি তথ্য দ্বারা পত্রসঙ্গে সংযুক্ত ফর্মসমূহ পূরণ করে আগামী ২৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট, মানব সম্পদ বিভাগ, এক্সিম ব্যাংক, প্রধান কার্যালয়, "সিম্ফনি", প্লট নং : এসইএফ(৯), রোড নং : ১৪২, গুলশান এভিনিউ, গুলশান : ১, ঢাকা : ১২১২-ঠিকানায় প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ইতোমধ্যে যারা এক্সিম ব্যাংক বা অন্য কোন প্রতিষ্ঠান থেকে এ ধরনের প্রকল্পের আওতায় বৃত্তিসুবিধা ভোগ করছে, তারা এই বৃত্তির জন্য অনুপযুক্ত বিবেচিত হবে। এই বৃত্তি প্রকল্পের অধীনে নির্বাচিত ছাত্র-ছাত্রীরা তাদের যোগ্যতা বজায় থাকা সাপেক্ষে শিক্ষাজীবন সমাপন পর্যন্ত এই বৃত্তি সুবিধা ভোগ করার সুযোগ পাবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, কোনো বৃত্তিপ্রাপ্ত ছাত্র বা ছাত্রী তার শিক্ষাজীবনে ছাত্র-রাজনীতি বা কোনোরূপ রাষ্ট্রবিরোধী বা অসামাজিক কর্মকান্ডে জড়িত হলে তার বৃত্তি সুবিধা প্রত্যাহার করা হবে।

মা-আস্সালাম,
আপনার বিশ্বস্ত

মোঃ গোলাম মাহবুব
সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট

*বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন : এক্সিম ব্যাংক ফাউন্ডেশন - ৯৮৮৯৩৬৩ এক্সটেনশন-১৭০, মোবাইল নম্বর-০১৭৫৫৫২০০৫৪,*
*email – foundation@eximbankbd.com*

"Symphony" Plot # SE (F) : 9, Road # 142, Gulshan Avenue, Dhaka-1212, Bangladesh
PABX : 9889363, Fax : 9889358, SWIFT : EXBKBDDH, Web : www.eximbankbd.com

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
ছাত্রকল্যাণ পরিদপ্তর

নং- ছাক/বিবিধ/ডি.আর.- ৯৭৮ তারিখ : ২৯/০৮/২০১৭

# Export Import Bank of Bangladesh Limited
Shariah Based Islami Bank

ফর্ম-ক
(নতুন প্রার্থীদের জন্য)

# এক্সিম ব্যাংক বৃত্তির জন্য আবেদন

বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত দুই কপি পাসপোর্ট সাইজের ছবি

১। ছাত্র/ছাত্রীর নাম ঃ বাংলায় ঃ

ঃ ইংরেজিতে ঃ

২। পিতার নাম ঃ

৩। জন্ম তারিখ ঃ

৪। বর্তমান ঠিকানা ঃ

৫। স্থায়ী ঠিকানা ঃ

৬। জরুরি যোগাযোগের জন্য

ই-মেইলঃ ঃ ফোন নম্বর ঃ মোবাইল নম্বর ঃ

৭। বিগত বোর্ড/শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষা সমূহের বিবরণ ঃ

| পরীক্ষার নাম | পাশের সন | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | যে বিভাগ/গ্রেড-এ উত্তীর্ণ | প্রাপ্ত মোট নম্বর/জিপিএ (৪র্থ বিষয় বাদে) |
|---|---|---|---|---|
| এস এস সি | | | | |
| এইচ এস সি | | | | |
| স্নাতক | | | | |
| অন্যান্য (প্রাথমিক বৃত্তি, জুনিয়র বৃত্তি ইত্যাদি) | | | | |

৮। পুরস্কার বা সনদপ্রাপ্ত হলে তার বিবরণ :

৯। **ছাত্র/ছাত্রীর বর্তমান শিক্ষাস্তরের বিবরণ**

(ক) প্রতিষ্ঠানের নাম :

(খ) সেশন :

(গ) বিভাগ/বিষয় :

(ঘ) বর্ষ/শ্রেণী :

(ঙ) ক্রমিক নং :

১০। **বৃত্তি সংক্রান্ত তথ্যাবলি**

(অ) **অন্য প্রতিষ্ঠানের বৃত্তিঃ**

ক) কোনো ব্যাংক বা বেসরকারী প্রতিষ্ঠান থেকে বর্তমানে মাসিক/দ্বিমাসিক/ষান্মাসিক বা অনুরূপ বৃত্তি সুবিধা ভোগ করেন কিনা :

খ) বৃত্তির নাম ও বৃত্তিপ্রদানকারী প্রতিষ্ঠান :

গ) মাসিক/দ্বিমাসিক/ষান্মাসিক বৃত্তির পরিমাণ :

ঘ) বৃত্তির সময়কাল :

ঙ) কোনো ব্যাংক বা বেসরকারী প্রতিষ্ঠান থেকে গত এক বছরে এককালীন বৃত্তি সুবিধা ভোগ করেছেন কিনা :

চ) বৃত্তির নাম ও বৃত্তিপ্রদানকারী প্রতিষ্ঠান :

ছ) বৃত্তির পরিমাণ :

আ) **এক্সিম ব্যাংকের বৃত্তিঃ**

ক) এক্সিম ব্যাংক ফাউন্ডেশনের আওতায় বর্তমানে কোনো বৃত্তি সুবিধা ভোগ করছেন কি-না :

খ) বিবরণ (বৃত্তির পরিমাণ, প্রাপ্তির তারিখ, কোন প্রতিষ্ঠান/শ্রেণী/বর্ষে প্রাপ্ত ইত্যাদি) :

১১। পরিবারের উপার্জন সম্পর্কিত বিবরণ ঃ

| উপার্জনশীল ব্যক্তি | | পেশা ও পদবি | কর্মরত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ফোন নং | বাৎসরিক আয় |
|---|---|---|---|---|---|
| (ক) | পিতা | | | | |
| (খ) | মাতা/অভিভাবক | | | | |
| (গ) | পিতা/মাতার অবর্তমানে পরিবারের উপার্জনশীল ব্যক্তির নাম | | | | |

**১২। পিতা/মাতা/অভিভাবকের পেশা চাকুরি ব্যতীত অন্য কিছু হলে-**

(ক) কাজের ধরন ঃ

(খ) কাজের বিবরণ ঃ

(গ) বাৎসরিক আয় ঃ

১৩। পরিবারের উপার্জনশীল সদস্য সংখ্যা ঃ

আমার দ্বারা প্রদত্ত এই ফর্মের সকল তথ্য আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য এবং কোনো বিষয় অসত্য প্রমাণিত হলে বৃত্তির টাকা ফেরত দিতে বাধ্য থাকব।

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর ও তারিখ

অভিভাবকের সম্মতিসূচক স্বাক্ষর ও তারিখ

**বর্তমানে অধ্যয়নরত শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের মন্তব্যঃ**

স্বাক্ষর, তারিখ ও সিলমোহর ঃ

আবেদন পত্রের সাথে বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ঃ

(ক) সকল পরীক্ষার সনদ
(খ) সকল পরীক্ষার নম্বর পত্র
(গ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রশংসাপত্র

***